



তথ্যবিবরণী

নম্বর- ০২৯

## আগামী শনিবার ধর্ম উপদেষ্টা রাজশাহী আসছেন

রাজশাহী; ২০ ভাদ্র (০৫ সেপ্টেম্বর):

ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন আগামী শনিবার (৭ সেপ্টেম্বর) তিন দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। এদিন তিনি সকাল সাড়ে আটটায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

উপদেষ্টা শনিবার সকাল নয়টায় রাজশাহী জেলার পবা মডেল মসজিদ পরিদর্শন করবেন। সকাল সাড়ে নয়টায় একই উপজেলার ডাঙ্গিপাড়া আল জামিয়া আস-সালাফিয়াহ পরিদর্শন এবং শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করবেন। সকাল দশটায় নগরীর নওদাপাড়া আল মারকাজুল ইসলামি আস-সালাফি পরিদর্শন এবং শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করবেন। বেলা এগারোটায় রাজশাহী ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় কার্যালয় পরিদর্শন এবং মুসলিম, হিন্দু, বৌদ্ধ এবং খ্রিষ্টান ধর্মাবলম্বী ও সুধীজনের সাথে মতবিনিময় করবেন। দুপুর সাড়ে বারোটায় কাটাখালী জামিয়া উসমানিয়া মাদ্রাসা পরিদর্শন এবং শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করবেন। বিকাল সাড়ে পাঁচটায় হযরত শাহ মখদুম (র) দরগাহ্ পরিদর্শন এবং সন্ধ্যা সাতটায় সার্কিট হাউজে সরকারি বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করবেন।

পরদিন রবিবার (৮ সেপ্টেম্বর) সকাল দশটায় রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসা পরিদর্শন এবং শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করবেন। বেলা সাড়ে এগারোটায় গোদাগাড়ী শ্রী শ্রী গৌরঙ্গ বাড়ী মন্দির ও শ্রী শ্রী শারদীয় দুর্গা মন্দির পরিদর্শন এবং দরিদ্রদের মাঝে সহায়তা সামগ্রী বিতরণ করবেন। দুপুর দুইটায় নদওয়াতুল ইসলাম কুওমী মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করবেন এবং সন্ধ্যা সাড়ে সাতটায় রাজশাহী ছোট বনগ্রামস্থ জামিয়া রহমানিয়া মাদ্রাসা পরিদর্শন ও শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করবেন।

সোমবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে আটটায় ধর্ম উপদেষ্টা ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১১:৪০ ঘ.